গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর
স্থানীয় সরকার শাখা
(www.pirojpur. gov.bd)

১৪ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ

স্মারক নং-০৫.১০.৭৯০০.০০৯.০৯.০১১.১৮-৭৭ তারিখ ঃ-------------------------
২৬ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের, ইউপি-২ অধিশাখার গত ২৮ মার্চ, ২০১৮ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭-১৮৭ নং স্মারকে নিয়োগ সংক্রান্ত ছাড়পত্র ও ২৬ ডিসেম্বর, ২০১৮ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭-৬৬২ নং স্মারকের আলোকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা ২০১১ (সংশোধনীসহ) অনুযায়ী পিরোজপুর জেলায় ইউনিয়ন পরিষদ সচিবের ০২টি শূন্য পদ পূরণের জন্য অস্থায়ী ভিত্তিতে পিরোজপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নরূপ শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম | সংখ্যা | শিক্ষাগত / প্রয়োজনীয় যোগ্যতা | বেতন স্কেল(জাতীয় বেতন স্কেল ২০১৫) |
|---|---|---|---|
| ইউনিয়ন পরিষদ সচিব | ০২(দুই)টি, তবে পদসংখ্যা বাড়তে পারে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি | ১০২০০-২৪৬৮০/-তৎসহ বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% বেতন প্রাপ্য হবেন) |

০১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও পিরোজপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। আগ্রহী প্রার্থীকে নির্ধারিত চাকুরির আবেদন ফরম স্পষ্টাক্ষরে নিম্নস্বাক্ষরকারীর বরাবর পূরণপূর্বক আবেদন করতে হবে। আবেদন ফরম জেলা প্রশাসক, পিরোজপুর এর ওয়েবসাইট www.pirojpur.gov.bd হতে সংগ্রহ করা যাবে।

০৩। প্রার্থীকে গেজেটেড কর্মকর্তা (নাম পদবীর সিল স্বাক্ষরসহ) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ ও সকল শিক্ষাগত সনদের সত্যায়িত অনুলিপি এবং সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৪। পরীক্ষার ফি বাবদ সোনালী ব্যাংক লিমিটেড এর যে কোন শাখা হতে জেলা প্রশাসক, পিরোজপুর এর অনুকূলে ৪০০/-(চারশত) টাকার অফেরৎযোগ্য পে অর্ডার জমা দিতে হবে।

০৫। প্রার্থীর বয়স ২১-০৩-২০১৯ তারিখ ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিড গ্রহণযোগ্য হবে না।

০৬। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনির ক্ষেত্রে প্রার্থীকে আবেদনের সাথে মুক্তিযোদ্ধার সম্পর্কিত বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে। মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি যা গেজেটেড কর্মকর্তা (নাম পদবীর সিল স্বাক্ষরসহ) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। শারীরিক প্রতিবন্ধী/এতিম/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে। নিয়োগের ক্ষেত্রে কোটা সম্পর্কিত সরকারি সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

০৭। খামের উপর প্রার্থীকে পদের নাম ও কোটার নাম (যদি থাকে) উল্লেখ করতে হবে। কোন প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৮। লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় ডাকা হবে। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থানে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এ ক্ষেত্রে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা প্রদানকালে আবেদন ফরমে উল্লিখিত সকল তথ্যের অনুকূলে মূল সনদপত্র/ কাগজপত্র প্রদর্শন করতে হবে।

০৯। কোন তথ্য গোপন করলে কিংবা তথ্যের সপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করতে ব্যর্থ হলে কিংবা কোন প্রতারণার আশ্রয় নিলে প্রার্থিতা বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীদের পুলিশ ভেরিফিকেশন এবং স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরুপ তথ্য পাওয়া গেলে তিনি নিয়োগ লাভের অযোগ্য বলে বিবেচিত হবেন।

১১। আগামী ২১/০৩/২০১৯ তারিখের মধ্যে অফিস চলাকালীন জেলা প্রশাসক,পিরোজপুর বরাবর ডাকযোগে আবেদনপত্র পৌছাতে হবে। অসম্পূর্ণ ত্রুটিপূর্ণ স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২। প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে আগ্রহী তা স্পষ্টভাবে খামের উপর উল্লেখপূর্বক ১০(দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকিটযুক্ত ৯.৫X৪.৫ ইঞ্চি বিশিষ্ট একটি ফেরৎ খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১৩। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, শর্ত পরিবর্তন সংযোজন এবং বাতিলের ক্ষমতা বা পদ হ্রাস-বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৬/০২/২০১৯

(আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন)
জেলা প্রশাসক
পিরোজপুর।
ফোন-০৪৬১-৬২৪০০
ই-মেইল-dcpirojpur@mopa.gov.bd

১৪ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ
তারিখ ঃ-----------------------
নং-০৫.১০.৭৯০০.০০৯.০৯.০১১.১৮-৭৭(১০০) ২৬ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ,বরিশাল।
৩। পরিচালক, স্হানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। জেলা প্রশাসক,.............................. (সকল)।
৫। পুলিশ সুপার/ সিভিল সার্জন,পিরোজপুর।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পিরোজপুর।
৭। মেয়র/প্রশাসক, পিরোজপুর/স্বরুপকাঠী/মঠবাড়িয়া/ভান্ডারিয়া পৌরসভা, পিরোজপুর।
৮। অতিরিক্ত জেলা ম্যাজিস্টেট/অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব)/অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক/শিক্ষা ও তথ্য প্রযুক্তি), পিরোজপুর।
৯। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ/এলজিইডি/গণপূর্ত বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর।
১০। উপজেলা নির্বাহী অফিসার, নাজিরপুর/নেছারাবাদ/কাউখালী/ভান্ডারিয়া/মঠবাড়িয়া/ইন্দুরকানী/পিরোজপুর সদর, পিরোজপুর।
১২। সহকারী কমিশনার (ভূমি), নাজিরপুর/নেছারাবাদ/কাউখালী/ভান্ডারিয়া/মঠবাড়িয়া/ইন্দুরকানী/পিরোজপুর সদর, পিরোজপুর।
১৩। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, পিরোজপুর।

(তাঁকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)

১৪। জেলা তথ্য অফিসার, পিরোজপুর। ( ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১৪। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর। (তাঁকে বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসক, পিরোজপুর ওয়েবসাইডে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
১৫। সহকারী কমিশনার, আইসিটি শাখা( তাঁকে বিজ্ঞপ্তি ও মডেল আবেদন ফরমটি জেলার ও ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১৬। সম্পাদক, দৈনিক যুগান্তর, ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯। বিজ্ঞপ্তিটি পত্রিকায় স্বাভাবিকভাবে ছোট অক্ষরে সিংগেল স্পেসে ০৩ (তিন) কলামে সংক্ষিপ্ত আকারে (০৩ কলাম X ০৫ ইঞ্চি) ভিতরের পাতায় একবার প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো। বিজ্ঞপ্তি প্রকাশের পর ০৩ (তিন) টি পত্রিকা এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।
১৭। সম্পাদক, ডেইলি ষ্টার, ৬৪-৬৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫। বিজ্ঞপ্তিটি পত্রিকায় স্বাভাবিকভাবে ছোট অক্ষরে সিংগেল স্পেসে ০৩ (তিন) কলামে সংক্ষিপ্ত আকারে (০৩ কলাম X ০৫ ইঞ্চি) ভিতরের পাতায় একবার প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো। বিজ্ঞপ্তি প্রকাশের পর ০৩ (তিন) টি পত্রিকা এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।

২৬/০২/২০১৯
(আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন)
জেলা প্রশাসক
পিরোজপুর।
ফোন-০৪৬১-৬২৪০০
ই-মেইল-dcpirojpur@mopa.gov.bd